

সংসদে শিক্ষামন্ত্রী বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা দেওয়ার চিন্তাভাবনা চলছে

কাগজ প্রতিবেদক : জাতীয় সংসদের গতকালের বৈঠকে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা প্রদানের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। অবসরভাতা চালু করতে প্রয়োজনীয় আইন প্রণয়নের বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে।

অপরদিকে সংসদ কার্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বে নিয়োজিত স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে সরকারিকরণ না করা হলেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের সঙ্গে তাদের বেতনের ব্যবধান কমানোর চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন, দিন তারিখ ঠিক করে এটা করা সম্ভব নয়। এটা পর্যালোচনা করা হবে।

জাতীয় সংসদের গতকালের বৈঠকে জরুরি জনগুরুত্বসম্পন্ন বিষয়ে পৃথকভাবে উত্থাপিত দুটি নোটিশের জবাবে মন্ত্রীরা এসব কথা বলেন।

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসরভাতা প্রদান প্রসঙ্গে জামাতে ইসলামীর সাংসদ এম রিয়াছাত আলী বিশ্বাসের উত্থাপিত নোটিশের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, বিগত বিএনপি সরকার এ ব্যাপারে উদ্যোগ নিয়েছিল। তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নির্দেশে দুই দফায় ২৯ কোটি টাকা ফান্ড ব্যাংকে রাখা হয়। কিন্তু বিগত বিএনপি সরকারের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় আর সম্ভব হয়নি। গত আওয়ামী লীগ সরকার এ ব্যাপারে কোনো পদক্ষেপ নেয়নি।

বিএনপির সাংসদ হেলালুজ্জামান তালুকদার লালুর উত্থাপিত নোটিশের জবাবে সংসদ কার্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বে নিয়োজিত স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন বলেন, এ সরকার বেসরকারি প্রাথমিক শিক্ষকদের প্রতিসহানুভূতিশীল। রেজিস্টার্ড বেসরকারি শিক্ষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধির বিষয়টিও সক্রিয় বিবেচনাধীন রয়েছে।